

ইস্টার্ন কেবলস লিমিটেড(ইসিএল) এর অর্জন/ Success History

জার্মানীর M/S. Continhocar & Co.-এর সহযোগিতায় এবং M/S. Kabel Were Reinshagen-এর সরবরাহকৃত প্রযুক্তিতে ১৯৬৭ সালে চট্টগ্রামের পতেঙ্গায় ৩৭.৬৯ একর জায়গায় ইস্টার্ন কেবলস লিমিটেড প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠানটি ১৯৮৭ সালে অফলোড করা হয়। প্রতিষ্ঠানটির ৫১% সরকারের এবং জনসাধারণের শেয়ারের পরিমাণ ৪৯%। ইসিএল পরিচালনা পর্ষদে সদস্য মোট নয়জন (চেয়ারম্যানসহ পাঁচজন সরকার মনোনীত এবং চারজন শেয়ারহোল্ডার কর্তৃক নির্বাচিত)।

ইস্টার্ন কেবলস লিমিটেড দেশের বৈদ্যুতিক কেবলস উৎপাদনকারী একটি রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান। ইসিএল বিদেশ হতে সরকারি বিধি অনুসরণ করে কাঁচামাল আমদানীর মাধ্যমে পণ্য উৎপাদন করে থাকে। জার্মান স্টান্ডার্ড অনুযায়ী উৎপাদিত পণ্য বিএসটিআই ও আইএসও ৯০০১:২০১৫ সনদ প্রাপ্ত। এছাড়াও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়টে) পরিষ্কীত।



ইসিএল'র উৎপাদিত পণ্য বাজারে বেসরকারি কেবলস প্রস্তুতকারী বিভিন্ন প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মান হতে অধিক মানসম্মত। তবে দেশীয় বাজারে নকল কেবলস কিংবা বিএসটিআই'র অনুমোদনহীন নিম্নমান ও কম মূল্যের কেবলসের সহজ লভ্যতা, প্রতিষ্ঠানের অধিক ওভার হেড ব্যয়, সঠিক ব্যবস্থাপনা ও সরকারি প্রতিষ্ঠানসমূহ ইসিএল'র পণ্য সরাসরি ক্রয়ের নির্দেশনা থাকা সত্ত্বেও তা অনুসরণ না করায় বিগত (০৩)তিন অর্থবছরে প্রতিষ্ঠানে (২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১) ধারাবাহিকভাবে ১২.৪২, ১৬.৯২ ও ১২.২০ কোটি টাকা লোকসান হয়।

এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে গত ১৮-০৫-২০২১ হতে প্রতিষ্ঠানটির নতুন ব্যবস্থাপনা পরিচালক কে দায়িত্ব প্রদান করা হয়। বর্তমান দক্ষ ব্যবস্থাপনা পরিচালনা পর্ষদ বিশেষ করে বিএসইসি ও কোম্পানী বোর্ডের চেয়ারম্যান জনাব মো: শহীদুল হক ভূঁঞা, এনডিসি এর একান্ত প্রচেষ্টা ও বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ফলে প্রতিষ্ঠানটির সার্বিক অবস্থার পরিবর্তন হতে শুরু করে। বিভিন্ন উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ ওভারহেড ব্যয় হ্রাস, জনবল সুশীকরণ, প্রতিষ্ঠানের দীর্ঘ দিনের পুরাতন উৎপাদিত পণ্যের তালিকা প্রণয়ন ও বিক্রয়ের ব্যবস্থা, বিভিন্ন মিডিয়ায় পণ্যের ও প্রতিষ্ঠানের প্রচার-প্রচারণা, সরকারি ও বেসরকারী দপ্তর-প্রতিষ্ঠানে অব্যাহতভাবে সরাসরি যোগাযোগ।



বিএসইসি'র ব্যবসা উন্নয়ন সম্মেলনে বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হামায়ূন, এমপি।

উল্লিখিত পদক্ষেপের কারণে প্রতিষ্ঠানটি তিন বছর পর ২০২১-২০২২ অর্থবছরে লোকসান কাটিয়ে ০.৮৫ কোটি টাকা মুনাফা অর্জন ও রাষ্ট্রীয় কোষাগারে ১১.৩২ কোটি টাকা জমা প্রদানে সক্ষম হয়েছে। এছাড়া প্রতিষ্ঠানটির অসরপ্রাপ্ত শ্রমিক কর্মচারীর দীর্ঘদিনের বকেয়া পাওনা প্রায় ৪.০০ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। কর্মচারীবৃন্দের কল্যাণে প্রতিষ্ঠানের জলাশয়ে মৎস চাষ, অব্যাহত জায়গায় বিভিন্ন ফলজ গাছসহ বিভিন্ন প্রকার সবজি চাষ করা হচ্ছে।

ইসিএল'র উৎপাদন ও বিক্রয়ের ধারা অব্যাহত রাখার স্বার্থে সহজে এবং সশ্রয়ী মূল্যে কাঁচামাল আমদানীর সুবিধার্থে যথাযথ নিয়ম অনুসরণ করে উপযুক্ত প্রতিষ্ঠানের সাথে ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইসিএল এর বর্তমান ব্যবস্থাপনার বহুমাত্রিক প্রচেষ্টার ফলাফল স্বরূপ চীনের সরকারি প্রতিষ্ঠান ন্যাশনাল টেকনিক্যাল ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট করপোরেশন(সিএনটিআইসি) এ প্রথমে মে'২০২২ মাসে ৫.২৪ লক্ষ ডলারের পণ্য রপ্তানী করা হয়। পণ্যের গুণগত মান ভালো হওয়ায় পরবর্তীতে সিএনটিআইসি আরো ৪২ লক্ষ ইউএস ডলারের রপ্তানী চুক্তি স্বাক্ষর সম্পাদন করেছে। চুক্তি অনুযায়ী প্রথম লটের জন্য ১০.৫০ লক্ষ ইউএস ডলারের এলসি ইতোমধ্যে পাওয়া গেছে এবং তদানুযায়ী কার্যক্রম চলছে।



বিএসইসি প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থার উন্নয়নে নতুন অ্যানেলিং মেশিন ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া বর্তমানে চাহিদার প্রেক্ষিতে পিভিসি'র পরিবর্তে নতুন প্রযুক্তির XLPE Cable উৎপাদন প্লান্ট স্থাপনের পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে।

বর্তমানে ইস্টার্ন কেবলস লিমিটেড এ সকল শ্রমিক-কর্মচারির মধ্যে নতুন উদ্দীপনার সৃষ্টি হয়েছে এবং শান্তিপূর্ণ পরিবেশ উৎপাদন ও বিক্রয় কার্যক্রম পরিচালিত হচ্ছে।